# গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৪ এপ্রিল ২০১৬, ১১ বৈশাখ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী নয়টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন উদ্বোধন করবেন আজ
২। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপককে কুপিয়ে হত্যা
৩। দেশে এখন বিনিয়োগের অনুকূল পরিবেশ বিরাজ করছে : স্বাস্থ্যমন্ত্রী
৪। ২০১৯ সালের মধ্যে সকল সরকারি চাকরিজীবিদের আবাসন সুবিধা নিশ্চিত হবে : পরিকল্পনা মন্ত্রী
৫। ঢাকা ও চট্টগ্রামে ডিজিটাল ক্যাবল সার্ভিস চালু করা হবে : তথ্যমন্ত্রী
৬। জাতীয় সংসদের দশম অধিবেশন শুরু হচ্ছে আজ
৭। বিক্ষিপ্ত সহিংসতা ছাড়া শান্তিপূর্ণ পরিবেশে
তৃতীয় ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন
দুই ধাপের তুলনায় ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু হয়েছে : প্রধান নির্বাচন কমিশনার
৮। বাংলাদেশের  ভবিষ্যৎ অগ্রযাত্রার ৫ বাধা : বিআইডিএসের গবেষণা প্রতিবেদন
৯। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৪৭ লাখ টাকা মূল্যের স্বর্ণ উদ্ধার : আটক ২
১০। আহত শ্রমিকদের দীর্ঘমেয়াদী সহায়তা প্রয়োজন
: রানা প্লাজা ধসের তিন বছর উপলক্ষে সিপিডির সংলাপ

চলমান পাতা/২

**১।	প্রধানমন্ত্রী নয়টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন উদ্বোধন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ ২৪ এপ্রিল রোববার রাজধানী ঢাকার বাহিরে নয়টি জেলায় নবনির্মিত নয়টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন উদ্বোধন করবেন। নবনির্মিত পাসপোর্ট অফিসগুলো হচ্ছে মানিকগঞ্জ, কুষ্টিয়া, পাবনা, পটুয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ ও দিনাজপুর। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে জানা গেছে, রাজধানীর আগারগাঁওয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট বিভাগে আয়োজিত এক অনুষ্ঠানে বেলা পৌনে **১১**টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'পাসপোর্ট সেবা সপ্তাহ-**২০১৬**' উপলক্ষে এসব বিভাগীয় পাসপোর্ট ভবন ও ভিসা অফিস এবং নয়টি আঞ্চলিক পাসপোর্ট অফিস উদ্বোধন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব (পৃ.১,ক.৮)**।

**২।	রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপককে কুপিয়ে হত্যা**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এ এফ এম রেজাউল করিম সিদ্দিকী কে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল **২৩** এপ্রিল শনিবার সাড়ে ৭টায় শালবাগান এলাকায় বাসা থেকে বিশ্ববিদ্যালয়ের বটতলার মোড়ে যাবার গলিপথে মোটর সাইকেল আরোহী দুই দুর্বৃত্ত তাকে পেছন থেকে কুপিয়ে হত্যা করে। এনিয়ে গত **১২** বছরে উত্তরবঙ্গের এই সর্বোচ্চ বিদ্যাপিঠের চারজন প্রগতিশীল শিক্ষক নৃশংস খুনের শিকার হলেন। ঘটনাস্থলে পরিদর্শনের সময় রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কমিশনার মো. শামসুদ্দিন বলেন, 'হত্যাকাণ্ডের ধরন দেখে ধারনা করা হচ্ছে জঙ্গি সংগঠন কিংবা মৌলবাদী গোষ্ঠী এ ঘটনায় জড়িত থাকতে পারে'। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ, সংবাদ, প্রথম আলো, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্টসহ অধিকাংশ দৈনিক পত্রিকা** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	দেশে এখন বিনিয়োগের অনুকূল পরিবেশ বিরাজ করছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দেশে এখন বিনিয়োগের অনুকূল পরিবেশ বিরাজ করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের কারণে বিনিয়োগের এই পরিবেশ তৈরি হয়েছে। ওষুধ শিল্পসহ বিভিন্ন খাতে বিনিয়োগের জন্য তিনি দেশি-বিদেশি বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান। গতকাল ২৩ এপ্রিল শনিবার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে জেএমআই ইণ্ডাস্ট্রিয়াল গ্যাস'র উদ্বোধন কালে তিনি এসব কথা বলেন। **সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), যুগান্তর (পৃ.১৬, ক.৮)**।

**৪।	২০১৯ সালের মধ্যে সকল সরকারি চাকরিজীবিদের আবাসন সুবিধা নিশ্চিত হবে**
**: পরিকল্পনা মন্ত্রী**

পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ২০১৯ সালের মধ্যে শতভাগ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সুবিধা নিশ্চিত করা হবে। পাশাপাশি দেশের সব মানুষের আবাসন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে সরকার কাজ করছে। তিনি দেশের আবাসন খাতের উন্নয়নে রাজউক ও রিহ্যাবকে সমন্বিত উদ্যোগে কাজ করার আহ্বান জানান। মন্ত্রী গতকাল ২৩ এপ্রিল শনিবার রাজধানীর ঢাকা ক্লাবে সেন্টার ফর কমিউনিকেশন নেটওয়ার্ক আয়োজিত 'জাতীয় অর্থনীতিতে আবাসন খাত' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ (পৃ.৩,ক.৬), যুগান্তর ( শেষ পৃ.,ক.২)**।

**৫।	ঢাকা ও চট্টগ্রামে ডিজিটাল ক্যাবল সার্ভিস চালু করা হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, পৃথিবীতে তথ্য প্রযুক্তির বিপ্লব চলছে। আমাদের বহু জায়গায় ডিজিটাল কার্যক্রম চালু হয়েছে। এখন সমস্ত সম্প্রচারও ডিজিটাল হতে হবে। তিনি বলেন, ঢাকা ও চট্টগ্রামে বাধ্যতামূলকভাবে ডিজিটাল ক্যাবল সার্ভিস চালু করা হবে। এতে প্রতি মাসে ৯ কোটি টাকা ও বছরে **১০৮** কোটি টাকা রাজস্ব পাবে সরকার। আগামী এক মাসের মধ্যে অবৈধভাবে চলা ডিটিএইচ বন্ধ করে দেয়া হবে বলেও জানান তথ্যমন্ত্রী। গতকাল ২৩ এপ্রিল শনিবার রাতে রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেশন সিটি বসুন্ধরায় নবরাত্রি হলে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার (পৃ.১১,ক.৬)**।

**৬। জাতীয় সংসদের দশম অধিবেশন শুরু হচ্ছে আজ**

জাতীয় সংসদের ১০ম অধিবেশন এবং চলতি বছরের দ্বিতীয় অধিবেশন আজ বিকেল ৫টায় শুরু হবে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গত ৩০ মার্চ এ অধিবেশনের আহ্বান করেন। অধিবেশন শুরুর পূর্বে বিকেলে অনুষ্ঠিতব্য সংসদ কার্য উপদেষ্টা কমিটির সভায় দশম অধিবেশনের কার্যক্রম ও মেয়াদ নির্ধারণ করা হবে। কমিটির সভাপতি স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এ সভায় সভাপতিত্ব করবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫),
**ইত্তেফাক ( শেষ পৃ.,ক.২), যুগান্তর (পৃ.২,ক.৮)**।

**৭। বিক্ষিপ্ত সহিংসতা ছাড়া শান্তিপূর্ণ পরিবেশে তৃতীয় ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন**
**দুই ধাপের তুলনায় ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু হয়েছে : প্রধান নির্বাচন কমিশনার**

তৃতীয় দফায় কিছু বিক্ষিপ্ত ঘটনা ছাড়া শান্তিপূর্ণ পরিবেশেই ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচন চলাকালে কোথাও সহিংসতায় বা গোলযোগের ঘটনায় কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি। সকাল ৮টা থেকে শুরু হয়ে ৪ টা পর্যন্ত সুষ্ঠু ও সুন্দর পরিবেশে ভোটগ্রহণ করা হয়েছে। তৃতীয় দফায় কেন্দ্র স্থগিতের পাশাপাশি প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের ভোট বর্জনের ঘটনাও কম, তবে কিছু কিছু কেন্দ্রে বিক্ষিপ্ত সংঘর্ষ, হামলা ভাঙচুরের ঘটনা ঘটেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার (পৃ.১,ক.৭), ডেইলি সান (পৃ.১,ক.৬) যুগান্তর** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ বলেছেন, তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ইতিবাচক পরিবর্তন এসেছে। বড় ধরণের জানমালের ক্ষয়ক্ষতি ছাড়া এবং প্রথম ধাপের চেয়ে নির্বাচন সুষ্ঠু হয়েছে। এই ধাপের নির্বাচন অংশগ্রহণমূলক হয়েছে। গতকাল ২৩ এপ্রিল শনিবার নির্বাচন কমিশনের মিডিয়া সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। **সূত্র-ইত্তেফাক (পৃ. ১,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউ এজ (পৃ.৩,ক.৮)**।

**৮। বাংলাদেশের ভবিষ্যৎ অগ্রযাত্রার ৫ বাধা : বিআইডিএসের গবেষণা প্রতিবেদন**

বাংলাদেশের ভবিষ্যৎ অগ্রযাত্রার পাঁচটি বাধা রয়েছে। এগুলো হলো দুর্নীতি, সন্ত্রাসী, কর্মকান্ড ও ধর্মীয় অসহিষ্ণুতা, জলাবায়ু পরিবর্তন, দ্রুত নগরায়ন এবং শিক্ষিত বেকার। গতকাল ২৩ এপ্রিল শনিবার 'বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের' আয়োজনে ঢাকার বঙ্গবন্ধুর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উন্নয়ন নিয়ে দুই দিনব্যাপী সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বিআইডিএসের উপস্থাপিত মূল প্রবন্ধে এ পাঁচটি হুমকির কথা বলা হয়। 'এ যাবৎ অগ্রগতি' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআইডিএসের মহাপরিচালক কে এ এস মুরশিদ। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার বিজনেস পাতা (পৃ.১,ক.৬), ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৪৭ লাখ টাকা মূল্যের স্বর্ণ উদ্ধার : আটক ২**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক ২টি ঘটনায় প্রায় ১ কেজি ২০০ গ্রাম স্বর্ণ উদ্ধার করেছে শুল্ক ও গোয়েন্দা কর্মকর্তারা। মালয়েশিয়া থেকে আগত এক যাত্রীর কাছ থেকে ৫৭৫ গ্রাম স্বর্ণের **১৫**টি বার জব্দ করা হয়েছে। এ ঘটনায় জড়িত থাকায় গিয়াস উদ্দিন নামে এক যাত্রীকে শুল্ক গোয়েন্দা সদস্যরা আটক করেছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক (পৃ.৩,ক.২)**।

**১০। আহত শ্রমিকদের দীর্ঘমেয়াদী সহায়তা প্রয়োজন**
**: রানা প্লাজা ধসের তিন বছর উপলক্ষে সিপিডির সংলাপ**

তিন বছর আগে ঘটে যাওয়া রানা প্লাজা ট্রাজেডির পর এখনও নিখোঁজ রয়েছে ৫৫ জন শ্রমিক। আর্থিক সহায়তা পেলেও ক্ষতিপূরণের সংজ্ঞা নিয়ে জটিলতা কাটেনি। আহত শ্রমিকদের শারীরিক অবস্থার উন্নতি হলেও ফিরতে পারেনি স্বাভাবিক জীবনে। দুর্ঘটনার পর গত তিন বছরে তৈরি পোশাক শিল্পের নিরাপত্তার উন্নয়নের অনেক অগ্রগতি হয়েছে, কিন্তু অনেক কারখানাই নিরাপত্তা পরিদর্শনের বাইরে রয়ে গেছে। রানা প্লাজা দুর্ঘটনায় বেঁচে যাওয়া শ্রমিকদের দীর্ঘমেয়াদী সহায়তা প্রয়োজন। গতকাল ২৩ এপ্রিল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান 'সেন্টার ফর পলিসি ডায়ালগ' আয়োজিত সংলাপে বক্তারা এ কথা বলেন। রানা প্লাজা ট্রাজেডির তিন বছর পূতি উপলক্ষে এ সংলাপের আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক (পৃ.১৮,ক.৬),সমকাল (পৃ.২,ক.৩), ডেইলি সান (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।**

=৪=

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, যায়যায়দিন, সংবাদ, ইন্ডিপেনডেন্ট :** রানা প্লাজা ধসের তিন বছর পেরিয়ে গেলেও এ দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে করা মামলার বিচার কাজ আজও শুরু না হওয়ায় নিন্দা জানিয়ে ন্যায়বিচার প্রতিষ্ঠার সব বাধা অবিলম্বে দূর করার আহ্বান।

খ. **ইত্তেফাক :** তথ্যপ্রযুক্তির উৎকর্ষের সাথে সাথে দেশে সাইবার ক্রাইম ক্রমে ছড়িয়ে পড়ায় অপরাধ নিয়ন্ত্রণে প্রযুক্তির আধুনিকায়নে প্রশিক্ষিত দক্ষ জনবল নিয়োগ ও সচেতনতা বৃদ্ধির দিকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** পঞ্চাশ কিলোমিটার এলাকা জুড়ে দেশের সবচেয়ে বড় চুনাপাথরের খনির সন্ধান পাওয়ায় তার বাণিজ্যিক উত্তোলন লাভজনক প্রমাণিত হলে এই খনি থেকেই দেশের সকল সিমেন্ট কারখানার চাহিদা মেটানো সম্ভব হবে বলে আশা প্রকাশ।

ঘ. **সংবাদ :** বাড়ি যেতে ছুটি চাওয়ার অপরাধে ফেনীর মাদ্রাসা পড়ুয়া ১২ বছরের এক ছাত্রকে ফ্যানের সঙ্গে ঝুলিয়ে বেধড়ক পিটিয়েছে এক শিক্ষক উল্লেখ করে স্কুল ও মাদ্রাসায় শিশু নির্যাতন বেড়ে যাওয়ায় তা প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ।

ঙ. **সমকাল, যুগান্তর :** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষককে নির্মমভাবে কুপিয়ে হত্যা করায় উদ্বেগ প্রকাশ করে একের পর এক এ ধরনের হত্যাকাণ্ড রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি স্টার, ভোরের কাগজ :** চাল আমাদানির ওপর আরও অতিরিক্ত ১০ শতাংশ আমদানি শুল্ক আরোপের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে কৃষকরা যেন উৎপাদিত ধান-চালের উপযুক্ত মূল্য পায় তার ব্যবস্থা ক রার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** খুলনা শহরে প্রায় ৭ শত কোচিং সেন্টারে সরকারি-বেসরকারি শিক্ষকদের জড়িত থাকায় বিষয় তুলে ধরে স্কুল-কলেজে যথাযথভাবে শিক্ষাদানের মাধ্যমে কোচিং নির্ভরতা কমানোর আহবান।

জ. **ডেইলি সান, ডেইলি স্টার :** সম্প্রতি প্যারিস জলবায়ু চুক্তি স্বাক্ষরিত হওয়ার বিষয়কে স্বাগত জানিয়ে এ চুক্তির সফল বাস্তবায়নের প্রত্যাশা।

ঝ. **নিউ এজ, নিউ নেশন :** পেঁয়াজ, রসুন ও আদার মূল্য বেড়ে যাওয়ায় রমজানের পূর্বেই নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে পর্যাপ্ত সরবরাহ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিগত ৭ বছর বিদেশে ওষুধ রপ্তানি ১৪ শতাংশ বেড়ে যাওয়ায় ওষুধ রপ্তানি আরও বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশে যদি চক্রান্তের ও হত্যার রাজনীতির অবসান ঘটাতে হয় তাহলে সব দলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **‘আগে রাঘববোয়ালদের ধরতে হবে’** শিরোনামের নিবন্ধে শরদিন্দু ভট্টাচার্য টুটুল যারা এই সমাজ ও রাষ্ট্রের মানুষকে অধঃপতনে নিয়ে যাচ্ছে তাদেরকে সকল ক্ষেত্রে পরিত্যাগ করে আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা